

বিএসএমএমইউ-এর কর্মচারী মোঃ আমানুল্লাহ কামালের ইন্তেকাল

মাননীয় উপাচার্য মহোদয়ের শোক প্রকাশ

বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয় (বিএসএমএমইউ)'র কর্মচারী প্রধান সহকারী রেন্ট কালেক্টর অফিসে কর্মরত মোঃ আমানুল্লাহ কামাল (৫৯) ২০ জুন ২০১৮ইং তারিখ, দিবাগত রাত সাড়ে তিনটায় এ বিশ্ববিদ্যালয়ের আইসিইউতে চিকিৎসাধীন অবস্থায় ইন্তেকাল করেছেন। মৃত্যুকালে তিনি ২ মেয়ে, স্ত্রীসহ আত্মীয়-স্বজন ও অসংখ্য গুণগ্রাহী রেখে গেছেন। এদিকে তাঁর মৃত্যুতে বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ডা. কনক কান্তি বড়ুয়া শোক প্রকাশ করেছেন এবং শোক সন্তপ্ত পরিবারের প্রতি গভীর সমবেদনা জানিয়েছেন। আজ বুধবার সকাল ৯টায় বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় জামে মসজিদ প্রাঙ্গণে মরহুমের নামাজে জানাজা অনুষ্ঠিত হয়। নামাজে জানাজা শেষে মরহুমের কফিনে পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে শ্রদ্ধাঞ্জলি নিবেদন করেন এ বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ডা. কনক কান্তি বড়ুয়া। এসময় বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের সম্মানিত উপ-উপাচার্য (গবেষণা ও উন্নয়ন) অধ্যাপক ডা. মোঃ শহীদুল্লাহ সিকদার, কোষাধ্যক্ষ অধ্যাপক ডা. মোহাম্মদ আলী আসগর মোড়ল, রেজিস্ট্রার অধ্যাপক ডা. এবিএম আব্দুল হান্নান, প্রক্টর অধ্যাপক ডা. মোঃ হাবিবুর রহমান দুলাল, পরিচালক (হাসপাতাল) ব্রিগেডিয়ার জেনারেল মোঃ আব্দুল্লাহ আল হারুন, পরিচালক (মানবসম্পদ) ডা. জামাল উদ্দিন খলিফা, পরিচালক (অর্থ ও হিসাব) মোঃ আব্দুস সোবহান প্রমুখ উপস্থিত ছিলেন। মরহুমের লাশ তাঁর গ্রামের বাড়ি চট্টগ্রামের চন্দনাইশ থানার মোহাম্মদপুর গ্রামের পারিবারিক কবরস্থানে দাফন করা হবে।